টিপ শিট

RESOURCE & SUPPORT HUB

UK International Development
Partnership | Progress | Prosperity

# নিরাপদে প্রকল্প পর্যবেক্ষণ পরিদর্শনে জন্য ১০টি পরামর্শ

যেসব সংস্থা প্রকল্প ব্যবস্থাপনা ও বাস্তবায়নের দায়িত্বে আছে, তাদেরকে সেই প্রকল্প চলাকালীন তা পর্যবেক্ষণ ও মূল্যায়ন করতে হয়।

এটি হতে পারে :

- কাজের অগ্রগতি লিপিবদ্ধ করা
- প্রভাব বা অর্জন বোঝা
- অনুদান দেওয়া দাতা প্রতিষ্ঠানের অনুরোধে বা কোনো কর্মচারী, স্বেচ্ছাসেবী অথবা কমিউনিটির সদস্যের উদ্বেগের কারণে।

পর্যবেক্ষণের মধ্যে রয়েছে উদাহরণস্বরূপ রিপোর্ট গ্রহণ করা, কার্যক্রমের রেকর্ড এবং আর্থিক রিপোর্ট। সামনা-সামনি সাক্ষাৎও হতে পারে, যেমন ইন্টারভিউ এবং কমিউনিটির সদস্য ও প্রকল্পের অংশগ্রহণকারীদের সঙ্গে গ্রুপভিত্তিক আলোচনা, পাশাপাশি প্রকল্প এলাকার নথিপত্র মূল্যায়ন এবং স্পট চেক। যারা কমিউনিটির একটি চলমান প্রকল্প পর্যবেক্ষণে নিরাপদ এবং নৈতিকভাবে যাওয়ার পরিকল্পনা করছেন, সেসব সংস্থার কর্মচারীদের জন্য এই নির্দেশিকা পত্রটি তৈরি করা হয়েছে।

## যা যা মনে রাখতে হবে

- ✓ পর্যবেক্ষণ শুধুমাত্র দাতা প্রতিষ্ঠানের জন্য নয় বরং শিক্ষণ এবং প্রকল্পে উন্নতির জন্যও হতে হবে
- ✓ শুধুমাত্র ততটুকু সংগ্রহ করুন যতটুকু প্রয়োজন এবং দরকারি
- ✓ প্রতিটি এমইএল কার্যকলাপের জন্য মূল নীতি হওয়া উচিত কোনো ক্ষতি না করা
- ✓ যে-কোনো কমিউনিটি পরিদর্শনের আগে অবশ্যই ঝুঁকি মূল্যায়ন করতে হবে
- ✓ পরিদর্শন চলাকালীন কোনো কিছু প্রকাশ পেলে তা অবশ্যই উপযুক্ত মাধ্যমে জানাতে হবে
- ✓ সকল কার্যক্রম একটি নিরাপদ এবং নৈতিক উপায়ে সম্পন্ন করতে হবে
- ✓ সকল তথ্য সংগ্রহের কার্যক্রমে অবগত সম্মতি থাকতে হবে, যার মধ্যে রয়েছে প্রকল্পে অংশগ্রহণ করা (উপকারভোগী) সকলের সাথে অনানুষ্ঠানিক আলোচনা
- ✓ পর্যবেক্ষণ ভিজিট চলাকালীন যেকোনো তথ্য সংগ্রহ হলে তা অবশ্যই নিরাপদে সংরক্ষণ ও ব্যবহার করতে হবে

**সংজ্ঞা বক্স :**

**পর্যবেক্ষণ** : প্রকল্প সম্পর্কিত তথ্যের নিয়মিত ও পদ্ধতিগত সংগ্রহ ও বিশ্লেষণ

**অবগত সম্মতি** : গবেষণা (বা পর্যবেক্ষণ কার্যক্রম) সম্পর্কে পর্যাপ্ত এবং উপযুক্ত তথ্য প্রদান করার প্রক্রিয়া, যাতে উত্তরদাতারা অংশগ্রহণ করবেন কি না সে সম্পর্কে অর্থপূর্ণ সিদ্ধান্ত নিতে পারেন এবং এটা নিশ্চিত হয় যে তাদের সিদ্ধান্তে কোনো প্রকাশ্য বা গোপন চাপ নেই।

**কোনো ক্ষতি না করা** : আমাদের কর্মকাণ্ডের মাধ্যমে মানুষকে অতিরিক্ত ঝুঁকির মধ্যে না ফেলা। এটি আমাদেরকে একটুবিরতি নিয়ে আমরা যে প্রেক্ষাপটে কাজ করছি সেটি পর্যালোচনা করতে বাধ্য করে, যাতে আমাদের কাজের সম্ভাব্য নেতিবাচক প্রভাবগুলো কমিয়ে আনা যায়।[১]। এটি গবেষক এবং তথ্য সংগ্রহকারীসহ উত্তরদাতা এবং অংশগ্রহণকারীদের জন্যও প্রযোজ্য।

[১] মানবিকতা এবং অন্তর্ভুক্তি, ২০১৮। 'কোনো ক্ষতি না করা' ধারণাটি নিয়ে কাজ : ক্ষতি না করে কীভাবে পদক্ষেপ নিতে হয়।মানবিকতা এবং অন্তর্ভুক্তি কার্যক্রম পর্যালোচনার ওপর আলোকপাত

## একটি পরিদর্শনের পরিকল্পনা করা

- ✓ আপনার পর্যবেক্ষণ পরিদর্শনের উদ্দেশ্য পরিষ্কারভাবে জানুন। পরিদর্শনে যাওয়ার আগেই প্রকল্পের কর্মীদের আপনার পরিদর্শনের উদ্দেশ্য সম্পর্কে জানান।
- ✓ আপনার প্রকল্প পরিদর্শনের কারণে কোনো ঝুঁকি থাকলে তা জানার চেষ্টা করুন। আপনার পরিদর্শনের ঝুঁকি মূল্যায়নপত্র তৈরি করার মাধ্যমে ঝুঁকি সম্পর্কে ধারণা নিন এবং তা দূর করার চেষ্টা করুন।
    - ○ আপনি কোন গ্রুপের সাথে কথা বলতে চান, তাদের মধ্যে কেউ কি ঝুঁকির মধ্যে আছেন অথবা কেউ কি শিশু বা কম বয়সী? তাদের কী সুনির্দিষ্ট কোনো ঝুঁকি রয়েছে?
    - ○ আপনার পরিদর্শন চলাকালীন আপনি কি কোনো স্পর্শকাতর বিষয় নিয়ে কথা বলবেন যা অংশগ্রহণকারীদের জন্য সহিংসতা, নির্যাতন এবং শোষণের মতো সেফগার্ডিং সম্পর্কিত ঝুঁকি বাড়াতে পারে?
    - ○ আপনি যাদের সাথে কথা বলবেন তাদের মধ্যে কেউ কি এই প্রকল্পে অংশ নেওয়া বা আপনার সাথে আলোচনায় অংশ নেওয়ার কারণে নেতিবাচক প্রতিক্রিয়া বা প্রতিশোধের<br>শিকার হতে পারে?
- ✓ এটি নিশ্চিত করুন যেন এই প্রকল্পে কাজ করা সকল কর্মী আচরণবিধি সম্পর্কে জানেন এবং তারা সেফগার্ডিং প্রশিক্ষণ নিয়েছেন।
- ✓ পরিদর্শনের আগে নিশ্চিতভাবে জানুন যে সেফগার্ডিং ফোকাল পয়েন্ট কে।
- ✓ এটি নিশ্চিত করুন যেন পরিদর্শন চলাকালীন কোনো ঘটনা প্রকাশ পেলে তা কীভাবে রিপোর্ট করতে হয় সেটি যেন সবাই জানে। পর্যবেক্ষণ পরিদর্শন চলাকালীন কোনো ঘটনা প্রকাশ পেলে তা <u>অবশ্যই</u> উপযুক্ত মাধ্যমে জানাতে হবে।
- ✓ আপনি যেসব অংশীদারদের সঙ্গে দেখা করতে চান তাদের চিহ্নিত করুন এবং তাদেরকে কী কী প্রশ্ন করতে চান সেগুলো ভেবে নিন। এর অন্তর্ভুক্ত থাকতে পারে কর্মী ও স্বেচ্ছাসেবক, পার্টনার সংস্থা, স্থানীয় সরকার, কমিউনিটি সদস্য এবং উপকারভোগী। আপনার পরিদর্শনের নিশ্চিত করুন তারা যেন তারা এটি সম্পর্কে জানেন।
- ✓ আপনার প্রশ্নগুলো দরকারি কি না যাচাই করুন। একই তথ্য সংগ্রহ করার কি অন্য উপায় রয়েছে?
- ✓ আপনি যদি শিশু অথবা অল্প বয়সীদের সঙ্গে কথা বলতে চান, তাহলে আপনার বাড়তি সেফগার্ডিংয়ের প্রয়োজন হতে পারে।
- ✓ আপনার পরিদর্শনের আগে স্থানীয় সহায়তা সংস্থাকে জানুন, কারণ অংশগ্রহণকারীদের সাক্ষাৎকার অথবা তাদের সাথে আলোচনা চলাকালীন সেফগার্ডিং উদ্বেগ বের হয়ে আসতে পারে। রিপোর্ট করার প্রক্রিয়াটি কী? রেফারেলের জন্য স্থানীয় সেবাগুলো কী এবং সেগুলো কোথায় রয়েছে?

## পরিদর্শন চলাকালীন

- ✓ প্রকল্পের কর্মকর্তা, স্বেচ্ছাসেবক এবং কমিউনিটির সদস্য সকলের জন্যই এই প্রক্রিয়া হতে হবে ক্ষমতায়নমূলক ও পরামর্শমূলক। এই প্রকল্পের কাজে নিয়োজিত সকলকেই পর্যবেক্ষণের অংশ হতে হবে, এবং এর ফলাফল তাদের জন্য উপকারী হতে হবে।
- ✓ এটি নিশ্চিত করুন যেন অংশগ্রহণকারী কোনো কিছুর দ্বারা প্রভাবিত হলে তারা যেন পরিদর্শন চলাকালীন পূর্ণ সহায়তা পান। আপনি কি শিশু বা প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য কোনো বিশেষ সুবিধার কথা ভেবেছেন?
- ✓ গোপনীয়তা রক্ষা করে স্পর্শকাতর প্রশ্ন করার ব্যবস্থা করুন এবং সমলিঙ্গের একজন গবেষকের উপস্থিতি নিশ্চিত করুন। আপনি যদি গোপনীয়তা রক্ষা করে প্রশ্ন করতে না পারেন (হয়তো কোভিড-১৯ এর জন্য), তাহলে স্পর্শকাতর বিষয়ে আলোচনা করতে সাংকেতিক শব্দ ব্যবহার করুন অথবা তারা ঝুঁকিতে থাকলে এর ওপর আলোকপাত করুন।
- ✓ নিশ্চিত করুন যে আলোচনায় অংশগ্রহণকারীরা আলোচনার স্থানে ভালোভাবে পৌঁছাতে পারেন এবং তাদের যেন অযথা অপেক্ষা করতে না হয় বা অনিরাপদ সময়ে যাত্রা করতে না হয়।
- ✓ শুধুমাত্র এক ধরনের জেন্ডারের অংশগ্রহণকারীদের দলে যেন একই জেন্ডারের একজন সহায়ক থাকেন। ব্যক্তিগত সাক্ষাৎকার একই জেন্ডারের গবেষক দ্বারা পরিচালিত হতে হবে।
- ✓ নিশ্চিত করুন যে এই আলোচনায় অংশগ্রহণের জন্য আলোচনাকারীর কোনো ছবি ব্যবহার করার জন্য বা কোনো উক্তির জন্য যেন তার অবগত সম্মতি নেওয়া হয়। তাদের অংশগ্রহণ এবং সম্মতির ব্যাপারটি একটি সহজ উপায়ে তাদেরকে বোঝান এবং এটিও জানান যে এই তথ্যটি কীভাবে ব্যবহার করা হবে। আপনি কি তাদের এটা জানিয়েছেন যে তারা চাইলে যেকোনো সময় তাদের অংশগ্রহণ বাতিল করতে পারবেন? আপনি যদি শিশুদের নিয়ে কাজ করেন, নিশ্চিত করুন যে আপনি তাদের বাবা/মা বা পরিচর্যাকারীর সম্মতি নিয়েছেন।
- ✓ আপনি চলে যাওয়ার পরে প্রকল্প সম্পর্কে কিংবা মূল্যায়নমূলক পরিদর্শন সম্পর্কে কীভাবে ও কার কাছে রিপোর্ট করতে হবে এবং কীভাবে সাড়াদান করা হবে, তা জানান।
- ✓ আপনার পরিদর্শনে সবার অংশগ্রহণ এবং সম্পৃক্ততার জন্য তাদের ধন্যবাদ জানাতে ভুলবেন না।

## তথ্য নিরাপত্তা এবং গোপনীয়তা

- ✓ কারো ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে তাকে চেনার উপায় মুছে ফেলার মাধ্যমে তথ্য সংগ্রহে বিশ্বস্ততা, গোপনীয়তা এবং নাম প্রকাশ না করা নিশ্চিত করুন।
- ✓ নিশ্চিত করুন যে তথ্যের গোপনীয়তা রক্ষায় তথ্য সংরক্ষণ ব্যবস্থাপনায় যেন কোনো ঝুঁকি না থাকে। প্রকল্পের স্থানে তথ্য কীভাবে সংরক্ষণ করা হবে? প্রকল্প রেকর্ডের কাগজের কপি, যেখানে নাম উল্লেখ করা থাকতে পারে সেগুলো কি কোনো কেবিনেট বা ড্রয়ারে নিরাপদভাবে সংরক্ষণ করা আছে? প্রকল্পের কম্পিউটার এবং ল্যাপটপে সংরক্ষিত ডিজিটাল কপি ও পাসওয়ার্ডগুলো কি সুরক্ষিত আছে?
- ✓ পরিদর্শন চলাকালীন কমিউনিটির কোনো সদস্যের নাম উল্লেখ করে লিখে রাখা প্রয়োজন কি না ভাবুন - এটি খুব কম সময়ই প্রয়োজন হয়। সকল অংশগ্রহণকারীদের পরিচয় সুরক্ষিত রাখতে হবে।
- ✓ কখনো কাউকে কোনো গোপন তথ্য দিতে বলবেন না।

## পরিদর্শন শেষে

- ✓ যার সাথে কথা বলেছেন তার সাথে শেয়ার করার জন্য পরিদর্শন, ভাবনা, ও উপসংহারের একটি সারসংক্ষেপ তৈরি করুন।
- ✓ নিশ্চিত করুন যে আপনার আলোচনার সকল নোট সুরক্ষিতভাবে সংরক্ষণ করা হয়েছে অথবা প্রয়োজন না হলে নষ্ট করে ফেলা হয়েছে।
- ✓ সেফগার্ডিং নিয়ে কোনো উদ্বেগ থাকলে সে সম্পর্কিত তথ্য মূল্যায়ন করুন এবং যে-কোনো ধরনের উদ্বেগ সেফগার্ডিং ফোকাল পয়েন্টকে জানান। আপনি কি সহিংসতা, যৌন নির্যাতন, যৌন হয়রানি, শোষণ বা শারীরিক শাস্তি সম্পর্কে কোনো প্রশ্ন করছেন?